

# খাগড়াছড়িতে বিস্কুট খেয়ে শে' শিশু শিক্ষার্থী অসুস্থ

৯ মাটিরাঙ্গা (খাগড়াছড়ি) সংবাদদাতা ৯

বিশ্ব খাদ্য কর্মসূচির সরবরাহ করা বিস্কুট খেয়ে খাগড়াছড়ি জেলার লক্ষীছড়ি উপজেলার ৮টি প্রাথমিক বিদ্যালয়ের ৪২৮ জন ছাত্র-ছাত্রী অসুস্থ হয়ে পড়েছে। গতকাল সোমবার সকালে উপজেলার লক্ষীছড়ি মহেশ প্রাথমিক বিদ্যালয়, শাকলছড়ি, মনোপাড়া, বিনাছড়ি, ভিণিগাড়া, মুক্তাছড়ি, ফুকতাছড়ি ও মতীন্দ্র কার্বারীগাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসা ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে এ বিস্কুট দেয়া হয়। পিতা শিক্ষার্থীরা এ বিস্কুট খাওয়ার পরপরই প্রচণ্ড মাথাব্যথা ও বমিভাব অনুভব করতে থাকে। প্রতিটি ছাত্র-ছাত্রী প্রত্যবে অসুস্থ হয়ে পড়ে। এতে শিক্ষক ও অভিভাবকরা আতঙ্কিত হয়ে পড়েন। লক্ষীছড়ি সেনা জোন কমান্ডার হুশভাঙ্গো থেকে অসুস্থ শিক্ষার্থীদের দ্রুত

উপজেলা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন। মেডিক্যাল অফিসার ও সরকারি হাসপাতালের চিকিৎসক যৌথভাবে অসুস্থদের চিকিৎসা দেন। লক্ষীছড়ি উপজেলা হাসপাতালে প্রায় ১৫০ জন এবং পার্শ্ববর্তী মানিকছড়ি হাসপাতালে ১২০ জনকে চিকিৎসা দেয়া হয়। অন্যদের সেনাবাহিনীর চিকিৎসক দল চিকিৎসা দেয়।

বিশ্বখাদ্য কর্মসূচির পক থেকে উপজেলা শিকা অফিসারের মাধ্যমে বিভিন্ন স্থানের জন্য বিস্কুটগুলো সরবরাহ করা হয়। মাঝিছো বিস্কুট কোম্পানির তৈরি এ বিস্কুটের সার্টনে বিএপিটআই-এর কোন মনোগ্রাম নেই। লক্ষীছড়ি উপজেলা নির্বাহী অফিসার মোঃ সলিমুল্লাহ জানান, বিভিন্ন স্থান থেকে ১১৬ কার্টন বিস্কুট জম করা হয়েছে। (২য় পৃঃ ১-এর কঃ প্রঃ)

## খাগড়াছড়িতে বিস্কুট

(২য় পৃঃ পর)

বিস্কুটগুলো পরীক্ষা-নিরীক্ষা করা হবে। জেলার অন্য সব উপজেলায় এ বিস্কুট বিতরণ বন্ধ করে দেয়া হয়েছে। এদিকে বিশ্বখাদ্য কর্মসূচির বিস্কুট খেয়ে শত শত শিক্ষার্থী অসুস্থ হওয়ার খবর শ্রদ্ধেয় খাগড়াছড়ির সসেন সদস্য ও উপজেলার শরণার্থী পুনর্বাসন বিষয়ক সচিবের স্যারম্যান মতীন্দ্র দাস হিশুরা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান কইটি কার্বারী, জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল্লাহ ও সিনিয়র সার্বজনীন ডাঃ আবু তাহেরসহ উর্জতন সরকারি কর্মকর্তারা লক্ষীছড়ি ও মানিকছড়ি হাসপাতালে চিকিৎসাধীন অসুস্থ ছাত্র-ছাত্রীদের সেবাতে আসেন।